# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৮) মসজিদে প্রবেশ করে সরাসরি বসে পড়া

(৮) মসজিদে প্রবেশ করে সরাসরি বসে পড়া :

এই অভ্যাস সুন্নাতের সরাসরি বিরোধী এবং মসজিদের মর্যাদা ক্ষুণ্ণ করার শামিল। রাসূল (ছাঃ) এটাকে কঠোরভাবে নিষেধ করেছেন।

عَنْ أَبِىْ قَتَادَةَ السُّلَمِيِّ أَنَّ رَسُوْلَ اللهِ قَالَ إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ قَبْلَ أَنْ يَجْلِسَ.

আবু ক্বাতাদা সুলামী থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, ‘যখন তোমাদের কেউ মসজিদে প্রবেশ করবে, তখন সে যেন বসার পূর্বে দুই রাক‘আত ছালাত আদায় করে’।[1]

عَنْ أَبِىْ قَتَادَةَ قَالَ قَالَ النَّبِيُّ إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلاَ يَجْلِسْ حَتَّى يُصَلِّيَ رَكْعَتَيْنِ.

আবু ক্বাতাদা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, ‘যখন তোমাদের কেউ মসজিদে প্রবেশ করবে তখন সে যেন না বসে, যতক্ষণ দুই রাক‘আত ছালাত না পড়বে’।[2] মসজিদে প্রবেশ করে দুই রাক‘আত ছালাত আদায় করা কত গুরুত্বপূর্ণ নিম্নের হাদীছটি লক্ষণীয় :

عَنْ أَبِى قَتَادَةَ قَالَ دَخَلْتُ الْمَسْجِدَ وَرَسُوْلُ اللهِ جَالِسٌ بَيْنَ ظَهْرَانَى النَّاسِ قَالَ فَجَلَسْتُ فَقَالَ رَسُوْلُ اللهِ مَا مَنَعَكَ أَنْ تَرْكَعَ رَكْعَتَيْنِ قَبْلَ أَنْ تَجْلِسَ قَالَ فَقُلْتُ يَا رَسُوْلَ اللهِ رَأَيْتُكَ جَالِسًا وَالنَّاسُ جُلُوْسٌ قَالَ فَإِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلاَ يَجْلِسْ حَتَّى يَرْكَعَ رَكْعَتَيْنِ.

আবু ক্বাতাদা (রাঃ) বলেন, আমি একদা মসজিদের প্রবেশ করলাম। তখন রাসূল (ছাঃ) লোকদের মাঝে বসেছিলেন। আমি গিয়ে বসে গেলাম। রাসূল (ছাঃ) আমাকে বললেন, বসার আগে দুই রাক‘আত ছালাত আদায় করতে তোমাকে কিসে বাধা দিল? আমি বললাম, আপনাকে এবং জনগণকে বসে থাকতে দেখলাম তাই। তখন তিনি বললেন, তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে তখন যেন দুই রাক‘আত ছালাত আদায় না করা পর্যন্ত না বসে।[3]

এমনকি জুম‘আর দিনে খুৎবা অবস্থায় যদি কেউ মসজিদে প্রবেশ করে তবুও তাকে দুই রাক‘আত ছালাত আদায় করে বসতে হবে।

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ دَخَلَ رَجُلٌ يَوْمَ الْجُمُعَةِ وَالنَّبِيُّ يَخْطُبُ فَقَالَ أَصَلَّيْتَ قَالَ لَا قَالَ قُمْ فَصَلِّ رَكْعَتَيْنِ.

জাবের (রাঃ) বলেন, ‘নবী করীম (ছাঃ) জুম‘আর দিনে খুৎবা দিচ্ছিলেন এমতাবস্থায় জনৈক ব্যক্তি মসজিদে প্রবেশ করে। তখন রাসূল (ছাঃ) তাকে বললেন, তুমি কি ছালাত আদায় করেছ? সে বলল, না। তখন তিনি বললেন, তুমি দাঁড়াও দুই রাক‘আত ছালাত আদায় কর’।[4]

ফুটনোট

[1]. ছহীহ বুখারী হা/৪৪৪, ১/৬৩ পৃঃ, (ইফাবা হা/৪৩১, ১/২৪৪ পৃঃ), ‘ছালাত’ অধ্যায়, ‘কেউ যখন মসজিদে প্রবেশ করবে তখন দুই রাক‘আত ছালাত আদায় করবে’ অনুচ্ছেদ; ছহীহ মুসলিম হা/১৬৮৭; মিশকাত হা/৭০৪, পৃঃ ৬৮; বঙ্গানুবাদ মিশকাত হা/৬৫২, ২/২১৭ পৃঃ, ‘মসজিদ সমূহ’ অনুচ্ছেদ।

[2]. ছহীহ বুখারী হা/১১৬৩, ১/১৫৬ পৃঃ, ‘তাহাজ্জুদ’ অধ্যায়, ‘রাত্রির ছালাত দুই দুই রাক‘আত’ অনুচ্ছেদ-২৫।

[3]. ছহীহ মুসলিম হা/১৬৮৮, ১/২৪৮ পৃঃ, (ইফাবা হা/১৫২৫), ‘মুসাফিরের ছালাত’ অধ্যায়, অনুচ্ছেদ-১১।

[4]. ছহীহ বুখারী হা/৯৩০ ও ৯৩১, ১/১২৭ পৃঃ, (ইফাবা হা/৮৮৩ ও ৮৮৪, ২/১৯০ ও ১৯১ পৃঃ), ‘জুম‘আর ছালাত’ অধ্যায়, অনুচ্ছেদ-৩২; ছহীহ মুসলিম হা/২০৫৫ ও ২০৫৬, ১/২৮৭ পৃঃ, ‘জুম‘আ’ অধ্যায়, অনুচ্ছেদ-১৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1849

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন